

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নিবন্ধন পরিদপ্তর

১৪, আব্দুল গণি রোড, ঢাকা।

ঃ-পরিপত্র-ঃ

বর্তমানে সারাদেশে সাব-রেজিস্ট্রী অফিসে পে-অর্ডারের মাধ্যমে সরকারী রাজস্ব জমাদান করা হইতেছে। জমাদানের পর পে-অর্ডারের অফিস কপি ও ব্যাংকে টাকা/সরকারী রাজস্ব জমাদানের চালানের অফিস কপি কত দিন বা বৎসর স্ব-স্ব অফিসে সংরক্ষণ করা হইবে এতদবিষয়ে সুনির্দিষ্ট দিক নির্দেশনা না থাকায় বিষয়টি নিরসনকল্পে উল্লেখিত রেকর্ডসমূহ রেজিস্ট্রেশন সারগ্রন্থের ৪র্থ খন্ডের ১০ নং সংবিধিবদ্ধ আদেশ অনুযায়ী ১২ বৎসর সংরক্ষণ করিবার জন্য নির্দেশ প্রদান করা হইল।

ইহা ছাড়া সারাদেশে প্রতিটি সাব-রেজিস্ট্রী অফিসের অধিক্ষেত্রাধীন জমির শ্রেণী অনুযায়ী বৎসর ওয়ারী সম্পত্তির বাজার মূল্য তালিকা তৈয়ারী করা হইয়া থাকে। সম্পত্তির বাজার মূল্যের বিষয়টি সরকারী রাজস্বসহ জনস্বার্থ সংশ্লিষ্ট বিধায় সম্পত্তির বৎসর ওয়ারী বাজারমূল্য তালিকা রেজিস্ট্রেশন সারগ্রন্থের ৪র্থ খন্ডের ১০ নং সংবিধিবদ্ধ আদেশ অনুযায়ী ৫০ বৎসর সংরক্ষণ করিবার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হইল।

স্বাঃ অস্পষ্ট

(মুন্সী নজরুল ইসলাম)

মহা-পরিদর্শক, নিবন্ধন (চলতি দায়িত্ব)

বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং-নিপ/রেজিঃশাঃ-৫(রাঃবিঃ)/২৪১৪০ (৭০)

তারিখঃ ২১-১২-২০১০ ইং।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ-

১। পরিদর্শক, পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল, নিবন্ধন পরিদপ্তর, ঢাকা। পরিদর্শনকালীন সময়ে বিষয়টি অনুসরণ করিবার জন্য বলা হইল।

২। জেলা রেজিস্ট্রার,(সকল)।

৩। প্রশাসনিক কর্মকর্তা, নিবন্ধন পরিদপ্তর, ঢাকা।

৪। প্রধান সহকারী, নিবন্ধন পরিদপ্তর, ঢাকা।

৫। শাখা প্রধান, রেজিস্ট্রেশন শাখা-১/২/৩/৪/৫/৬

স্বাঃ অস্পষ্ট

(মুন্সী নজরুল ইসলাম)

মহা-পরিদর্শক, নিবন্ধন (চলতি দায়িত্ব)

বাংলাদেশ, ঢাকা।